# সবার সঙ্গে ঈদের সুখ ভাগ করে নেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রমজানের চেতনা ধারণ করে ঈদুল ফিতরের আনন্দ সবার মাঝে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শুক্রবার (২০ মার্চ) সন্ধ্যায় সম্প্রচারিত এক টেলিভিশন ভাষণে তিনি দেশবাসীর প্রতি এই আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, রমজান আমাদের যে আত্মশুদ্ধি, সংযম ও মানবিকতার শিক্ষা দিয়েছে, সেই আলোতেই ঈদের আনন্দ একে অপরের সঙ্গে ভাগ করে নেওয়া উচিত।

তিনি উল্লেখ করেন, ত্যাগ, তাকওয়া ও সংযমের বার্তা ছড়িয়ে পবিত্র মাহে রমজান বিদায় নিয়েছে। এক মাসের সিয়াম সাধনার পর ঈদুল ফিতর মুসলিম উম্মাহর জন্য নিয়ে এসেছে ঐক্য, সংহতি, সহমর্মিতা এবং নির্মল আনন্দের শুভবার্তা।

তারেক রহমান বলেন, ঈদের আনন্দ পৌঁছে যাক দেশের প্রতিটি ঘর, প্রতিটি পরিবার এবং সব মানুষের কাছে।

ঈদুল ফিতর উপলক্ষে তিনি দেশের জনগণের প্রতি আন্তরিক শুভেচ্ছা জানান। একই সঙ্গে বাংলাদেশসহ বিশ্বজুড়ে মুসলিম উম্মাহর প্রতিও ঈদের শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী।

LENS ASIA